

তারিখ: ১৩/০৫/২০২০ খ্রীঃ

## অভিভাবকদের জন্য জরুরী বিজ্ঞপ্তি

সম্মানিত অভিভাবক মঞ্জলী,

সেন্ট প্লাসিডস্ স্কুল ও কলেজের পক্ষ থেকে শুভেচ্ছা ও অভিনন্দন। আশা করি বর্তমান প্রাকৃতিক দুর্যোগের সময়ও আপনারা সবাই সুস্থ্য ও ভালো আছেন। সর্বশক্তিমান সৃষ্টিকর্তার কাছে প্রার্থনা করি তিনি যেন এই সমূহ বিপদ থেকে সমস্ত মানুষকে রক্ষা করেন।

ইতিমধ্যে দেশের মাননীয় সরকার শিক্ষার্থীদের লেখাপড়ার বিষয় নিয়ে বিভিন্ন পদক্ষেপ গ্রহন করেছেন। প্রাতিষ্ঠানিক ভাবে আমরাও শিক্ষার্থীদের সার্বিক কল্যাণ ও লেখাপড়ার জন্য কিছু পদক্ষেপ গ্রহন করছি। আশা করি অভিভাবক ও শিক্ষার্থীবৃন্দ এতে উপকৃত হচ্ছেন। আগামী ১৬/০৫/২০২০ খ্রীঃ রোজ শনিবার থেকে দ্বিতীয় অনলাইন ক্লাশ রুটিন দেওয়া হয়েছে। অভিভাবকদের অনুরোধ করছি আপনারা দয়া করে দ্বিতীয় অনলাইন রুটিন অনুসরণ করবেন।

গত ১১ মে, কালের কণ্ঠ খবরের কাগজে “ঈদের পরও শিক্ষাপ্রতিষ্ঠান খুলছে না, চাপ প্রয়োগ না করে নেওয়া যাবে টিউশন ফি” শিরনামের খবরটি স্কুলের ওয়েব সাইটে দেওয়া হয়েছে। দয়া করে তা পাঠ করবেন এবং আমাদেরকে আন্তরিকভাবে সহযোগিতা করবেন।

আপনারা ইতিমধ্যেই অবগত আছেন যে, শিক্ষার্থীদের টিউশন ফি দিয়ে অত্র প্রতিষ্ঠানের শিক্ষকদের বেতন প্রদান করা হয়। তাই আমাদের অফিস সকাল ৯:০০- ১:০০ দুপুর পর্যন্ত খোলা থাকবে। আপনাদের সুবিধা অনুযায়ী মাস্ক পরে, সামাজিক দূরত্ব বজায় রেখে, গেটে প্রবেশের পর হাত ধুয়ে বেতন কাউন্টারে বেতন দিতে পারবেন। আপনাদের সার্বিক সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

সৃষ্টিকর্তা আমাদের সবাইকে আর্শীবাদ করুণ ও বর্তমান চরম সংকট থেকে রক্ষা করুণ।

ধন্যবাদান্তে,

অধ্যক্ষ